

নম্বরঃ ১২.০১.০০০০.০০০.৪৪.০৩২-১২-

১২৫২৩৩৩


তারিখঃ ৩/৪/২০১৩

### বিজ্ঞপ্তি

বিষয়ঃ খামারবাড়িতে ইন্টারনেট/ Wifi ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর তিনটি ভবনের সকল কক্ষে ইন্টারনেট সংযোগের জন্য একটি দুই পোর্ট বিশিষ্ট ইন্টারনেট সকেট বোর্ড স্থাপন করা হয়েছে। সেই সাথে পোর্ট থেকে কম্পিউটার/ ল্যাপটপে ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য প্রয়োজনীয় মাপের ইন্টারনেট কেবল সরবরাহ করা হয়েছে। এমতাবস্থায় প্রত্যেক কক্ষে ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে আইসিটি ব্যবস্থাপনা অনুশাখা থেকে সরবরাহকৃত কেবলের মাধ্যমে নির্ধারিত ইন্টারনেট সকেট পোর্ট থেকে সরাসরি কম্পিউটার/ ল্যাপটপে ইন্টারনেট সংযোগ ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই পূর্বের/ নিজের/ আইসিটি ব্যবস্থাপনা অনুশাখা থেকে সরবরাহ করা হয়নি এমন কোন রাউটার/ ইন্টারনেট সুইচ/ Wifi ডিভাইস/ অন্য যে কোন প্রকার ইন্টারনেট সংযোগকারী ডিভাইসের সাথে আইসিটি ব্যবস্থাপনা অনুশাখা থেকে নির্ধারিত ইন্টারনেট সকেট ও সরবরাহকৃত কেবলের সংযোগ প্রদান/ এর মাধ্যমে ইন্টারনেটের নতুন কোন নেটওয়ার্ক সৃষ্টি করা যাবে না। উল্লেখ্য যে কোন অব্যবস্থার কারণে নেটওয়ার্ক ক্ষতিগ্রস্ত হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে তার দায়দায়িত্ব বহন করতে হবে। খামারবাড়ি চত্বরের প্রতিটি ভবন একটি Wifi নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। আইসিটি ব্যবস্থাপনা অনুশাখা থেকে স্থাপিত Wifi নেটওয়ার্ক ব্যবহারের জন্য সংশ্লিষ্ট উইং এর পরিচালক অথবা আইসিটি ব্যবস্থাপনা অনুশাখায় যোগাযোগের জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরী।

  
(মোঃ হামিদুর রহমান)

মহাপরিচালক

ফোনঃ +৮৮ ০২ ৯১৪০৮৫০

ই-মেইলঃ dg@dae.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. পরিচালক, প্রশাসন ও অর্থ/ সরেজমিন/ প্রশিক্ষণ/ ক্রপস/ হার্টিকালচার/ উদ্ভিদ সংরক্ষণ/ উদ্ভিদ সংগনিরোধ/ পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
২. প্রকল্প পরিচালক, .....  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
৪. অফিস নথি।

